সমান পরিমাণ ছাড়া তোমরা সোনার বদলে সোনা বিক্রি করবে না, একটি অপরটি থেকে কম-বেশি করবে না। সমান ছাড়া তোমরা রূপার বদলে রূপা বিক্রি করবে না ও একটি অপরটি হতে কম-বেশি করবে না। আর নগদ মুদ্রার বিনিময়ে বাকী মুদ্রা বিক্রি করবে না।

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সমান পরিমাণ ছাড়া তোমরা সোনার বদলে
সোনা বিক্রি করবে না, একটি অপরটি হতে কম-বেশি করবে না। সমান ছাড়া তোমরা রূপার বদলে রূপা বিক্রি করবে না ও একটি অপরটি হতে কম-বেশি করবে না। আর নগদ মুদ্রার বিনিময়ে বাকী মুদ্রা বিক্রি করবে না। অপর শব্দে -তবে হাতে হাতে ছাড়া। অপর শব্দে বর্ণিত, ওজনের জিনিসকে ওজনের বিনিময়ে এবং একই জাতীয় বস্তুকে একই জাতীয় বস্তুর বিনিময়ে এবং বরাবর
করে লেনদেন করবে।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসটিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি সুদের দু’টি প্রকার অর্থাৎ অতিরিক্ত ও বাকী নিষেধ করেছেন। তিনি স্বর্ণকে স্বর্ণের বিপরীতে বিক্রি করতে নিষেধ করেছেন। চায় তা বানানো হোক বা না হোক। তবে বৈধ যদি তা বরাবর হয়, ওজনে সমান হয় এবং আকদের মজলিসে গ্রহণ করা হয়। কারণ, যদি দু’টি বস্তুর একটি নগদ অপরটি বাকী বা অনুপুস্থিত হয় তবে তা বিক্রি করা হালাল হবে না। অনুরূপভাবে তিনি চাঁদিকে চাঁদির বিনিময়ে বিক্রি করতে নিষেধ করেছেন। চায় তা বানানো হোক বা না হোক। তবে বৈধ যদি তা বরাবর হয়, ওজনে সমান হয় এবং আকদের মজলিসে গ্রহণ করা হয়। সুতরাং অপরটি থেকে একটিকে কম-বেশি করা সঠিক হবে না এবং গ্রহণ করার পূর্বে পৃথক হওয়া যাবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/6087